# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখঃ ২৮.১০.২০২৫

<u>প্রেস রিলিজ</u>

## পাবিপ্রবিতে আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ মঙ্গলবার (২৮ অক্টোবর) আন্তবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। টুর্নামেন্ট উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মো. এনামুল হক। ১৯ নভেম্বর ২০২৫ ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

দুপুর ৩টায় খেলা উদ্বোধন করা হয়। আজ সমাজকর্ম ও পদার্থবিজ্ঞান বিভাগের মধ্যে উদ্বোধনী ম্যাচ শুরু হয়। ২১টি বিভাগ টুর্নামেন্টে অংশগ্রহণ করবে। অনুষ্ঠানে প্রক্টর, ছাত্র উপদেষ্টা, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

২৮.১০.২০২৫
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।